গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

স্মারক নং- ১০.০৭.০০০০.০০০.০০২.৩১.০০১২.১৮-৩৩২

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

**বিষয়ঃ জেলা লিগ্যাল এইড অফিসসমূহে ইন্টার্ন হিসেবে নিয়োগ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ এর উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে এবং ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের অধীন জেলা লিগ্যাল এইড অফিসসমূহে ০৬ (ছয়) মাস মেয়াদের জন্য নিম্নবর্ণিত ৩০ (ত্রিশ) জনকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ইন্টার্ন হিসেবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্র.নং | মনোনীত ইন্টার্ন এর নাম | নিজ জেলা | পদায়নকৃত জেলা |
|---|---|---|---|
| ১. | জনাব সারমিন সুলতানা | ফরিদপুর | জেলা লিগ্যাল এইড অফিস, ফরিদপুর |
| ২. | জনাব মোঃ মাহফুজ ইসলাম তানভীর | চাঁপাইনবাবগঞ্জ | জেলা লিগ্যাল এইড অফিস, চাঁপাইনবাবগঞ্জ |
| ৩. | জনাব মোঃ ইফতে খায়রুল রানা | দিনাজপুর | জেলা লিগ্যাল এইড অফিস, দিনাজপুর |
| ৪. | জনাব সজীব ঘোষ | ঝিনাইদহ | জেলা লিগ্যাল এইড অফিস, ঝিনাইদহ |
| ৫. | জনাব মোঃ দৃষ্টি দাস তমা | যশোর | জেলা লিগ্যাল এইড অফিস, যশোর |
| ৬. | জনাব শাহ পরান রাজু | কুমিল্লা | জেলা লিগ্যাল এইড অফিস, কুমিল্লা |
| ৭. | জনাব মাহাদী হাসান রায়হান | নোয়াখালী | জেলা লিগ্যাল এইড অফিস, নোয়াখালী |
| ৮. | জনাব সামসুন নাহার | নোয়াখালী | জেলা লিগ্যাল এইড অফিস, নোয়াখালী |
| ৯. | জনাব সুবেন্দু বিশ্বাস | সুনামগঞ্জ | জেলা লিগ্যাল এইড অফিস, সুনামগঞ্জ |
| ১০. | জনাব হুমায়ুন কবির | ময়মনসিংহ | জেলা লিগ্যাল এইড অফিস, ময়মনসিংহ |
| ১১. | জনাব কামরুজ্জামান | টাঙ্গাইল | জেলা লিগ্যাল এইড অফিস, টাঙ্গাইল |
| ১২. | জনাব আলী আহমদ মাছুম | সিলেট | জেলা লিগ্যাল এইড অফিস, সিলেট |
| ১৩. | জনাব ফজলে আমিন রিফাত | রংপুর | জেলা লিগ্যাল এইড অফিস, রংপুর |
| ১৪. | জনাব অনিন্দ্য রায় | মুন্সিগঞ্জ | জেলা লিগ্যাল এইড অফিস, মুন্সিগঞ্জ |
| ১৫. | জনাব গোলাম রাব্বানী | রাজশাহী | জেলা লিগ্যাল এইড অফিস, কুষ্টিয়া |
| ১৬. | জনাব মুহাম্মদ হেদায়েত বিন কিবরিয়া | গোপালগঞ্জ | জেলা লিগ্যাল এইড অফিস, শরীয়তপুর |
| ১৭. | জনাব নিশাত তাসনীম | জয়পুরহাট | জেলা লিগ্যাল এইড অফিস, জয়পুরহাট |
| ১৮. | জনাব মোঃ মিরাজুল ইসলাম | বগুড়া | জেলা লিগ্যাল এইড অফিস, বগুড়া |
| ১৯. | জনাব মোঃ ইয়ামিন সরকার | রাজশাহী | জেলা লিগ্যাল এইড অফিস, নাটোর |
| ২০. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন | কুড়িগ্রাম | জেলা লিগ্যাল এইড অফিস, কুড়িগ্রাম |
| ২১. | জনাব মোঃ মুজাদ্দেদ আলফে সানি | পঞ্চগড় | জেলা লিগ্যাল এইড অফিস, ঠাকুরগাঁও |
| ২২. | জনাব মাইশা তাবাসসুম মৌরশী | পঞ্চগড় | জেলা লিগ্যাল এইড অফিস, পঞ্চগড় |
| ২৩. | জনাব আমানত শাহ্ | লক্ষ্মীপুর | জেলা লিগ্যাল এইড অফিস, লক্ষ্মীপুর |
| ২৪. | জনাব কিশোওর নওশীন প্রমা | মৌলভীবাজার | জেলা লিগ্যাল এইড অফিস, মৌলভীবাজার |
| ২৫. | জনাব লিটন মিয়া | মাগুরা | জেলা লিগ্যাল এইড অফিস, মাগুরা |
| ২৬. | জনাব রুবাইয়া খাতুন | যশোর | জেলা লিগ্যাল এইড অফিস, সাতক্ষীরা |
| ২৭. | জনাব জাহিদুল ইসলাম সাহেদ | পটুয়াখালী | জেলা লিগ্যাল এইড অফিস, পটুয়াখালী |
| ২৮. | জনাব মোহাম্মদ নাজমুস ছালাম তাহি | বান্দরবান | জেলা লিগ্যাল এইড অফিস, রাঙ্গামাটি |
| ২৯. | জনাব মোঃ জোবায়ের আহাম্মাদ | ভোলা | জেলা লিগ্যাল এইড অফিস, ভোলা |
| ৩০. | জনাব আল মামুন কাইছার | কক্সবাজার | জেলা লিগ্যাল এইড অফিস, কক্সবাজার |

<u>**শর্তাবলি**</u>

১। নিয়োগপ্রাপ্ত ইন্টার্নগণকে আগামী ০৪/০৮/২০২৬ খ্রি: তারিখে সংশ্লিষ্ট জেলা লিগ্যাল এইড অফিসে চীফ লিগ্যাল এইড অফিসার বরাবর যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে উক্ত নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২। কোনো প্রার্থী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC) যোগদানের সময় দাখিল করতে হবে।

৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে নির্ধারিত ঘোষণাপত্র দাখিল করতে হবে।

৪। ইন্টার্নশিপ চলাকালীন প্রতি মাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ইন্টার্নশিপ ভাতা প্রদান করা হবে। উক্ত ভাতা ব্যতীত অন্য কোনো ভাতা বা সুবিধা প্রদানযোগ্য হবে না।

৫। নিয়োগপ্রাপ্ত ইন্টার্নগণকে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন সুপারভাইজারের তত্ত্বাবধানে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

৬। ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির লক্ষ্যে ইন্টার্নকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট হতে সন্তোষজনক কর্মসম্পাদনের প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

৭। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনো প্রকার প্রত্যয়নপত্র প্রদান করা হবে না। তবে ইন্টার্নশিপ সফলভাবে সম্পন্ন হলে সংশ্লিষ্ট ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

৮। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল বিধান, অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা এবং সরকারি গোপনীয়তা সংক্রান্ত প্রচলিত আইন, বিধি ও প্রবিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৯। যোগদানের সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক (০১) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১০। ইন্টার্নশিপের মেয়াদ ০৪/০৮/২০২৬খ্রি: হতে ০৪/০২/২০২৭ খ্রি: তারিখ পর্যন্ত।

১১। সরকার কর্তৃক নির্ধারিত কর্মদিবসে তার সুপারভাইজার এর তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন।

১২। দায়িত্ব ও কর্তব্য: ইন্টার্ন সুপারভাইজার কর্তৃক অর্পিত সকল দাপ্তরিক দায়িত্ব যথাযথভাবে পালন করবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা অনুসরণ করবেন। ইন্টার্ন দপ্তরের নিরাপত্তা, গোপনীয়তা ও অফিস সরঞ্জামাদির সুরক্ষা নিশ্চিত করবেন। এবং ইন্টার্নশিপ চলাকালীন বা পরবর্তীতে ইন্টার্নশিপের মাধ্যমে প্রাপ্ত কোনো তথ্য তৃতীয় পক্ষের নিকট প্রকাশ করবেন না।

১৩। ইন্টার্নের কর্মদক্ষতা সন্তোষজনক না হলে বা আচরণ সরকারি সেবার প্রচলিত রীতির পরিপন্থি হলে বা রাষ্ট্রবিরোধী বা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকলে বা বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত থাকলে বা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করলে কর্তৃপক্ষ যেকোনো সময় ইন্টার্নশিপ বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করবে এবং ইন্টার্নশিপ চলাকালীন যেকোনো সময় ইন্টার্নশিপ বাতিল বা যেকোনো ইন্টার্নকে অব্যাহতি দিতে পারবে। এক্ষেত্রে ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

02/08/2026

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ফোন নং:০২-৪১০৩২২৯১
ই-মেইল: dg@dbla.gov.bd

স্মারক নং- ১০.০৭.০০০০.০০০.০০২.৩১.০০১২.১৮-৩৩২(১/১০)

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

**অনুলিপি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর

২। সহকারী পরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।

৩। চীফ লিগ্যাল এইড/লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস, ফরিদপুর/ময়মনসিংহ/রংপুর দিনাজপুর/কুষ্টিয়া/সাতক্ষীরা/কুমিল্লা/নোয়াখালী/রাঙ্গামাটি/সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/মুন্সীগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/কুড়িগ্রাম/ঝিনাইদহ/মাগুরা/লক্ষ্মীপুর/বগুড়া/ঠাকুরগাঁও/পটুয়াখালী/ভোলা/নাটোর/যশোর/শরীয়তপুর/কক্সবাজার/পঞ্চগড় এবং টাঙ্গাইল।

৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।

৭। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।

৮। হিসাবরক্ষক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।

৯। জনাব -------------------------------------------------------

১০। কফিস কপি/ গার্ড ফাইল।

Dzaman
02.08.2026.

**(মোঃ আশরাফুজ্জামান)**
সহকারী পরিচালক (মনিটরিং)
(সিনিয়র সিভিল জজ)
ফোন নং:০২-৪১০৩২২৯৫
admonitoring@dbla.gov.bd